কেস স্টাডি : -

যেখানে মাঠের পাশে বন আছে, আর বনের ধারে মস্ত পাহাড় আছে, সেইখানে একটা গর্তের ভিতর একটি ছাগলছানা থাকত। সে তখনো বড় হয়নি, তাই গর্তের বাইরে যেতে পেতো না। বাইরে যেতে চাইলেই তার মা বলতো ,যাসনে! ভালুকে ধরবে, বাঘে নিয়ে যাবে ,সিংহে খেয়ে ফেলবে! তা শুনে তার ভয় হত, আর সে চুপ করে গর্তের ভেতরে বসে থাকতো। তারপর সে একটু বড় হল, তার ভয়ও কমে গেল। তখন তার মা বাইরে চলে গেলেই সে গর্তের ভিতর থেকে উঁকি মেরে দেখত। শেষে একদিন একেবারেই গর্তের বাইরে চলে এলো। এইখানে এক মস্ত বড় ষাঁড় ঘাস খাচ্ছিল। ছাগলছানা এত বড় জন্তু কখনো দেখেনি। কিন্তু তার শিং দেখেই সে মনে করে নিল ওটাও ছাগল, খুব ভালো জিনিস খেয়ে এত বড় হয়েছে। তাই সে ষাঁড় এর কাছে গিয়ে জিজ্ঞেস করল, হ্যাঁ গো তুমি কি খাও? ষাঁড় বলল 'আমি ঘাস খায়।'

১. ছাগলছানার মা তাকে গর্তের বাইরে যেতে দিত না কেন?
বাইরে খুব গরম ছিল। / বাইরে হিংস্র জন্তুর ভয় ছিল। / বাইরে খাবার ছিল না। / ছাগলছানা অসুস্থ ছিল।

২. ছাগলছানার ভয় কখন কমে গেল?
জন্মের পরেই / বন্ধু পাওয়ার পরে / একটু বড় হওয়ার পরে/ পাহাড়ে যাওয়ার পরে

৩. গর্তের বাইরে এসে ছাগলছানা প্রথমে কাকে দেখেছিল?
বাঘ / ভালুক / সিংহ / ষাঁড়

৪. ছাগলছানার কোন গুণটি তার প্রশ্ন করার মাধ্যমে প্রকাশ পেয়েছে?
অলসতা / কৌতূহল / রাগ / অহংকার

৫. মন্তব্য: ছাগলছানা ষাঁড়কে ছাগল মনে করেছিল।
কারণ:সে আগে কখনও এত বড় প্রাণী দেখেনি।
মন্তব্য ও কারণ ভুল/ মন্তব্য ও কারণ উভয়ই ঠিক/মন্তব্য ঠিক কারণ ভুল/ মন্তব্য ভুল কারণ ঠিক।

৬. মন্তব্য: ছাগলছানা প্রথমে গর্তের বাইরে যেতে ভয় পেত।
কারণ: ছাগলছানা খুব বেশি বেশি খেত তাই।
মন্তব্য ঠিক কারণ ভুল/ মন্তব্য ও কারণ উভয় ভুল/ মন্তব্য ও কারণ উভয়ই ঠিক/ মন্তব্য ভুল কারণ ঠিক।